

# Telephone conversation between Prime Minister and His Excellency Joseph R. Biden, President of the United States of America

February 08, 2021

## মার্কিন রাষ্ট্রপতি জোসেফ আর বাইডেনের সঙ্গে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর টেলিফোনে কথা

৮ই ফেব্রুয়ারি, ২০২১

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী, মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি জোসেফ আর বাইডেনের সঙ্গে টেলিফোনে আজ কথা বলেছেন।

মার্কিন রাষ্ট্রপতি বাইডেনকে উষ্ণ অভিনন্দন জানিয়ে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেছেন, ভারত-মার্কিন কৌশলগত অংশীদারীত্বকে আরো এগিয়ে নিয়ে যেতে তাঁরা একযোগে কাজ করবেন।

আঞ্চলিক উন্নয়ন ও ভূ-রাজনৈতিক প্রেক্ষাপট নিয়ে তাঁরা বিস্তারিত আলোচনা করেছেন। গণতান্ত্রিক মূল্যবোধ ও অভিন্ন কৌশলগত স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ের উপর ভারত মার্কিন অংশীদারীত্ব দাঁড়িয়ে রয়েছে। মুক্ত ও সমন্বিত ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে আন্তর্জাতিক নিয়ম অনুসারে সমমনা দেশগুলির সঙ্গে একযোগে কাজ করার প্রসঙ্গ নিয়েও তাঁদের মধ্যে কথা হয়েছে।

প্রধানমন্ত্রী মোদী ও রাষ্ট্রপতি বাইডেন আন্তর্জাতিক স্তরে জলবায়ু পরিবর্তনের মোকাবিলা করার বিষয়টি গুরুত্ব দিয়ে আলোচনা করেছেন। মার্কিন রাষ্ট্রপতির প্যারিস চুক্তিতে আবারো শামিল হওয়ার সিদ্ধান্তকে প্রধানমন্ত্রী স্বাগত জানিয়ে পুনর্বিবেচনা জ্বালানীতে ভারতের উচ্চাকাঙ্ক্ষী পরিকল্পনার বিষয়ে বিস্তারিতভাবে জানিয়েছেন। এই বছরের এপ্রিল মাসে জলবায়ু বিষয়ে শীর্ষ বৈঠকের আয়োজন করার উদ্যোগ নেওয়ায় প্রধানমন্ত্রী মার্কিন রাষ্ট্রপতিকে ধন্যবাদ জানিয়েছেন এবং এই সম্মেলনে যোগদান করার বিষয়ে আগ্রহ প্রকাশ করেছেন।

এই অবকাশে রাষ্ট্রপতি ও ডঃ জিল বাইডেনকে তাঁদের সুবিধামত সময়ে ভারতে আসার জন্যও প্রধানমন্ত্রী আমন্ত্রণ জানিয়েছেন।

\*\*\*

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.